বিআইডব্লিউটিসি

# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন

(অভ্যন্তরীণ জাহাজ চলাচল প্রতিষ্ঠান)

ফেয়ারলী হাউজ, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা-১০০০

***Website:* www.biwtc.gov.bd**

নিরাপদ নৌ চলাচল ও উন্নত যাত্রীসেবা
প্রদানে বিআইডব্লিউটিসি অংগীকারাবদ্ধ।

## নিয়োগ বিজ্ঞপ্তি নং-২৭/২০২২

স্মারক নং-১৮.১২.০১১.০৩.০১.২৪২.২০২১- ২৬৮ তারিখ: ১৫/০২/২০২২ খ্রি.

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের (বিআইডব্লিউটিসি) নিম্নবর্ণিত শূন্য পদে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের পার্শ্বে বর্ণিত বেতনক্রম অনুযায়ী লোক নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে ( http://biwtc.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (online) এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। **অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।**

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল | প্রার্থীর বয়স | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | **কনিষ্ঠ প্রকৌশলী (মেকানিক্যাল)**<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ২৫ হতে ৩০ বৎসর | ১টি | মেকানিক্যাল নেভাল আর্কিটেকচার বা মেরিন ইঞ্জিনিয়ারিং এ ডিগ্রীসহ কোন ডকইয়ার্ড কিংবা মেরিন/মেকানিক্যাল ওয়ার্কশপে ২ বৎসরের অভিজ্ঞতা অথবা ৪ বৎসরের স্বীকৃত প্রাপ্ত এপ্রেনটিসসীপ এবং স্বাধীনভাবে ওয়াচ কিপিং এ ৫ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন সমুদ্রগামী জাহাজের ইঞ্জিনিয়ার অথবা অবসরপ্রাপ্ত বাংলাদেশ নৌ-বাহিনীর ইঞ্জিন রুম আর্টিফিসার-১ অথবা এপ্রেনটিসীপকাল বাদে ৪ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন মেরিন ইঞ্জিনিয়ার। |
| ২। | **কনিষ্ঠ প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)**<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ২৫ হতে ৩০ বৎসর | ১টি | ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিগ্রীসহ কোন ডকইয়ার্ড বা মেরিন ওয়ার্কসপে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩। | **পরিকল্পনা অফিসার**<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ২৫ হতে ৩০ বৎসর | ১টি | অর্থনীতি, পরিসংখ্যান, ব্যবসা প্রশাসন অথবা বাণিজ্যে মাষ্টার ডিগ্রীসহ পরিকল্পনা কিংবা গবেষণায় কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৪। | **আইন অফিসার**<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ৩০ হতে ৪০ বৎসর | ১টি | আইনে স্নাতক ডিগ্রীসহ কোন সরকারী, আধা-সরকারী বা বৃহৎ বেসরকারী প্রতিষ্ঠানে আইন বিষয়ক কাজে অফিসার হিসেবে ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| ৫। | **ক্রয় অফিসার**<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ২৫ হতে ৩০ বৎসর | ১টি | ক্রয় বা তৎসংশ্লিষ্ট কাজে জুনিয়র অফিসার হিসাবে কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন মাস্টার ডিগ্রী অথবা ৫ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন স্নাতক ডিগ্রী। |
| ৬। | **বীমা অফিসার**<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ২৫ হতে ৩০ বৎসর | ১টি | বীমা সম্পর্কিত কাজে, বিশেষ করিয়া নৌ-বীমা এবং দাবী সম্পর্কীত বিষয়ে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ কমার্সে স্নাতক ডিগ্রী। |
| ৭। | **প্রকৌশল তত্ত্বাবধায়ক (মেকানিক্যাল)**<br>বেতন স্কেল: ১২৫০০-৩০২৩০ (গ্রেড-১১) | সর্বোচ্চ ৩০ বৎসর | ২টি | মেরিন ওয়ার্কসপে ২ বৎসরের অভিজ্ঞতাসহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা অথবা ৪ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ নৌ বাহিনীর অবসর প্রাপ্ত ই আর এ-৩ অথবা ৬ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ নৌ বাহিনীর অবসর প্রাপ্ত লিডিং মেকানিক (ইঞ্জি) |
| ৮। | **সহকারী নিরীক্ষা অফিসার**<br>বেতন স্কেল: ১২৫০০-৩০২৩০ (গ্রেড-১১) | সর্বোচ্চ ৩০ বৎসর | ২টি | নিরীক্ষা অথবা হিসাব রক্ষণে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ বাণিজ্য অথবা ব্যবসায় প্রশাসনে স্নাতক ডিগ্রী। |
| ৯। | **কনিষ্ঠ নৌ অফিসার**<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ২৫ হতে ৩০ বৎসর | ২টি | কোন সমুদ্রগামী জাহাজে ডেক অফিসার হিসাবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ বিজ্ঞান গ্রুপে এইচএসসি অথবা ইনচার্জ মাষ্টার হিসাবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ ১ম শ্রেণীর ইনল্যান্ড মাষ্টার সার্টিফিকেট অথবা বাংলাদেশ নৌ বানিহীর সী ম্যান ব্রাঞ্চের অবসর প্রাপ্ত চীপ পেটি অফিসার। |
| ১০। | **দ্বিতীয় শ্রেণির মাষ্টার**<br>বেতন স্কেল: ১২৫০০-৩০২৩০ (গ্রেড-১১) | সর্বোচ্চ ৪৫ বৎসর | ১৩(তের)টি | দ্বিতীয় শ্রেণীর ইনল্যান্ড মাষ্টার সার্টিফিকেট অব কমপিটেন্সী এবং এসএসসি। |
| ১১। | **গ্রীজার**<br>বেতন স্কেল: ৯০০০-২১৮০০ (গ্রেড-১৭) | ১৮ হতে ৩০ বৎসর | ৮৫(পঁচাশি)টি | জাহাজের ইঞ্জিনের সাধারণ জ্ঞানসহ ৮ম শ্রেণি পাশ। |

**অন্যান্য শর্তাবলী:**

১. ক্রমিক নং-১ হতে ৮ এ বর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে বয়স ১৬/০১/২০২২ খ্রি. তারিখ, ক্রমিক নং-৯ এ বর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে বয়স ১৯/০১/২০২১ খ্রি. তারিখে এবং ক্রমিক নং-১০ ও ১১ এ বর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে বয়স ০৯/০১/২০২২ খ্রি. তারিখে উল্লিখিত বয়সসীমার মধ্যে হতে হবে।

২. সংশ্লিষ্ট ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের বয়সসীমা সর্বোচ্চ ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৪. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://biwtc.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদন সময়সীমা নিম্নরূপ :

(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় **২৩/০২/২০২২ খ্রি.**, সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৫/০৩/২০২২ খ্রি., বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র দাখিল এর সময় থেকে ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) ছবি (Photo) ও স্বাক্ষর (Signature) সংক্রান্ত :

- ✓ ছবি (Photo) আপলোড: Online-এ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য × প্রস্থ) ৩০০×৩০০ pixel এর কম বা বেশি নয় (File Size 100KB এর বেশি গ্রহণযোগ্য নয়) এবং অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন ছবি আপলোড করতে হবে। উল্লেখ্য, সাদাকালো ছবি গ্রহণযোগ্য হবে না। Applicant's copy-তে ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাস পরে তোলা ছবি গ্রহণযোগ্য হবে না।
- ✓ স্বাক্ষর (Signature) আপলোড: online-এ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য × প্রস্থ) ৩০০× ৮০ pixel এর কম বা বেশি নয় (File Size 60KB এর বেশি গ্রহণযোগ্য নয়) এরূপ মাপের স্বাক্ষর আপলোড করতে হবে। Applicant's copy-তে স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। Home Page-এর (Photo & signature Validator) Menu-তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

(গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমের ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদন করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

(i) Online এ আবেদনপত্র (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র *Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন।* যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা ) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

(ii) Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-১ হতে ৯ এ বর্ণিত পদের জন্য ৫০০/-(পাঁচশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬০/-(ষাট) টাকাসহ (অফেরতযোগ্য) সর্বমোট ৫৬০/-(পাঁচশত ষাট) টাকা এবং দ্বিতীয় শ্রেণির মাস্টার পদের জন্য ৪০০/-(চারশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৪৮/-(আটচল্লিশ) টাকাসহ (অফেরতযোগ্য) সর্বমোট ৪৪৮/-(চারশত আটচল্লিশ) টাকা ও গ্রীজার পদের জন্য ৩০০/-(তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৬/- (ছত্রিশ) টাকাসহ (অফেরতযোগ্য) সর্বমোট ৩৩৬/-(তিনশত ছত্রিশ) টাকা অনলাইনে আবেদন submit-এর পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

(iii) "এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না "।

(iv) আবেদন গ্রহণের সময়সীমা শেষ হওয়ার পর প্রার্থী প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি www.biwtc.gov.bd ওয়েবসাইটে যথাসময়ে জানানো হবে। উল্লেখ্য যে, পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম প্রবেশপত্রে উল্লেখ থাকবে। অনলাইন আবেদনপত্রের প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়। একই প্রবেশপত্র দিয়ে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(v) প্রথম SMS: **BIWTC**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **BIWTC ABCDEF**

Reply: Aplicant's Name, Tk-224 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee Type **BIWTC**<space>**YES**<space>**PIN** and send to 16222 নম্বরে।

(vi) দ্বিতীয় SMS: **BIWTC**<space>**YES**<space>**PIN** and send করতে হবে 16222 নম্বরে।

Example: **BIWTC YES 12345678**

Reply: Congratulations Aplicant's Name. Payment Completed Successfull for BIWTC Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)।

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি ( http://biwtc.teletalk.com.bd ) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **BIWTC**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **BIWTC Help User ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে **BIWTC**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.
Example: **BIWTC Help PIN 12345678**

৫. প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৬. মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-ক থেকে জ) পর্যন্ত কাগজপত্রে মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ. কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

ঘ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতি মালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতার পিতা-মাতা/মাতার পিতা-মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র।

ঙ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র।

চ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

জ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

ঝ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এ ছাড়াও **vas.query@teletalk.com.bd** এবং **cpmbiwtc@yahoo.com** এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: BIWTC, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ট. নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭. লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না।

৮. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে স্থায়ীভাবে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৯. ক্রমিক নং-১ হতে ৯ এ বর্ণিত পদের মধ্যে একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।

১০. নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১১. এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১২. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিআইডব্লিউটিসি'র ওয়েবসাইটে www.biwtc.gov.bd এবং অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

১৩. সার্টিফিকেট, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্ম স্থান অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. যথাযথ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা রাখে।

১৫. উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের (বিআইডব্লিউটিসি) এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা প্রয়োজনবোধে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে **Online** এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(মানসুরা আহমেদ)
চীফ পার্সোনেল ম্যানেজার
বিআইডব্লিউটিসি
ও
কমিটির সদস্য-সচিব